

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.imed.gov.bd



নং-২১.০০.০০০০.০৫৩.২৯.০২৮.১৬ - ৩১৮(২)

তারিখ: ০৬ কার্তিক ১৪২৭
২২ অক্টোবর ২০২০

ইনোভেশন টিমের ২০২০-২০২১ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোহাম্মদ আবদুল মান্নান, অতিরিক্ত সচিব
সভার স্থান : আইএমইডি'র সম্মেলন কক্ষ
সভার তারিখ : ২১ অক্টোবর ২০২০
সময় : সকাল ১১:০০ টায়

সভায় উপস্থিত সদস্যবৃন্দ/ কর্মকর্তাগণের নামের তালিকা : সংযোজনী 'ক'।


০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। স্বাস্থ্য বিধি মেনে সভায় উপস্থিত হওয়ার জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন বর্তমান করোনা পরিস্থিতি বিবেচনা করে ২০২১ অর্থ বছরে ইনোভেশনের বার্ষিক কর্মপরিকল্পনা, বাজেট এবং কার্যক্রমে কিছুটা পরিবর্তন এসেছে। সচিব মহোদয়ের নির্দেশের প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সামঞ্জস্য রেখে এ কোডে বাজেট বরাদ্দ ২০.২৫ লক্ষ থেকে ১০.০০ লক্ষ টাকা এবং কর্মপরিকল্পনা রিভিজিট করে সক্ষমতা বৃদ্ধির জন্য এক দিনের উদ্ভাবন ও সেবা সহজীকরণের বিষয়ে কর্মশালা (৪.১) বাদ দেওয়া হয়েছে। সভায় নিম্নবর্ণিত বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। প্রশিক্ষণ সভায় বর্তমান চলমান উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ (৪.২) এর তিনটি ব্যাচ ৫-৬ অক্টোবর, ২০২০ ও ১২-১৩ অক্টোবর, ২০২০ এবং ১৯-২০ অক্টোবর ২০২০ শেষ হওয়ার পর সেবা সহজীকরণের সক্ষমতা বৃদ্ধির জন্য (৪.৩) দুই দিনের প্রশিক্ষণের তিনটি ব্যাচ পরবর্তীতে অনুষ্ঠিত হওয়ার বিষয়ে আলোচনা করা হয়।	সেবা সহজীকরণের সক্ষমতা বৃদ্ধির জন্য (৪.৩) দুই দিনের প্রশিক্ষণের তিনটি ব্যাচ পরবর্তীতে অনুষ্ঠিত হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশিক্ষণ কর্মসূচি পরবর্তীতে সকলকে অবহতি করা হবে।	সদস্য সচিব ইনোভেশন টিম
২। উদ্ভাবনী উদ্যোগ আহবান ও তথ্য বাতায়নে প্রকাশ এ বিভাগের জন্য সেবার উদ্ভাবনী ধারণা আহবান ও প্রাপ্ত ধারণাসমূহ যাচাই বাছাই উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ চলাকালীন সময়ে করা হবে এবং তা যাচাই বাছাই করে ৩০ অক্টোবর ২০২০ এ চূড়ান্ত করার বিষয়ে আলোচনা হয়।	উদ্ভাবনী উদ্যোগের তালিকা চূড়ান্ত করে ২০২০-২০২১ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী তথ্য বাতায়নে ৩ নভেম্বর ২০২০ তারিখে প্রকাশ করা হবে।	সদস্য সচিব ও ইনোভেশন টিমের সদস্যগণ
৩। বিবিধ উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে ২০১৯-২০২০ অর্থ বছরে “পরিবীক্ষণ টুল বক্স” বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। “পরিবীক্ষণ টুল বক্স” কর্মকর্তাদের মাঝে বিতরণের জন্য RFQ এর মাধ্যমে ৩২ জিবি পেন-ড্রাইভ এবং JDPC হতে ব্যাগ সংগ্রহের বিষয়ে অনুমোদন গ্রহণ প্রক্রিয়া সমাপ্ত হয়েছে। সভায় ব্যাগের ডিজাইন, রঙ ইত্যাদি বিষয়ে সদস্যদের মাঝে আলোচনা হয়।	সকলের সিদ্ধান্তের আলোকে চূড়ান্তকৃত ব্যাগের ডিজাইন অনুযায়ী JDPC হতে ব্যাগ এবং ৩২ জিবি পেন-ড্রাইভ সংগ্রহের জন্য কার্যক্রম সম্পন্ন করা হবে।	সদস্য সচিব ও ইনোভেশন টিমের সদস্যগণ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪। আগামী সভা ডিসেম্বর ২০২০/ জানুয়ারি ২০২১ মাসে অনুষ্ঠিত হতে পারে মর্মে আলোচনা হয়।	পরবর্তীতে সভার তারিখ সকলকে অবহিত করা হবে।	সদস্য সচিব ইনোভেশন টিম

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোহাম্মদ আবদুল মান্নান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

ও

চিফ ইনোভেশন অফিসার

বিতরণ/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব ওয়াহিদা হামিদ, উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
- ২। জনাব মোঃ মাহবুবুর রহমান, পরিচালক (উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
- ৩। জনাব মোঃ আব্দুল্লাহ আল-মামুন, পরিচালক (উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
- ৪। জনাব মোঃ সাইফুল ইসলাম, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
- ৫। জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, প্রোগ্রামার, সমন্বয় ও এম আই এস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
- ৬। জনাব নাজনীন নাহার, প্রোগ্রামার, সমন্বয় ও এম আই এস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
- ৭। জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এম আই এস সেক্টর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। অফিস কপি।